গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক সংখ্যা-৫৮.০৪.০০০০.০৩০.১৪.০০১.২২.৫৫৯ (১১২) তারিখঃ ১০ আশ্বিন' ১৪২৯ / ২৫ সেপ্টেম্বর' ২০২২

**বিষয়ঃ সরকারী ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/ক্রয়কারীদের করণীয়।**

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পরি-১ শাখার স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০৯৩.০৭.০০১.২১.৬৮ তারিখঃ ০৭/০২/২০২২ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

২৫/৯/২২
(সুরাইয়া আক্তার)
বিজে-০১৮১১১০০৫১৬
সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ)
পক্ষে-কারা মহাপরিদর্শক
aig.fin@prison.gov.bd
☎-৫৭৩০০৫১৪।

১০. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
১১. প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
১২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
১৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৫. প্রশাসনিক কর্মকর্তা-১/২, কারা অধিদপ্তর, ঢাকা।
১৬. বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
১৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১৮. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা (কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.০৭.০০১.২১.৬৮

তারিখ: ২৪ মাঘ ১৪২৮
০৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **সরকারী ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/ক্রয়কারীদের করণীয়।**

সূত্র: পরিকল্পনা কমিশনের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর স্মারক নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.২৬৮.২০-০০৭, তারিখঃ ০৯/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) হতে প্রাপ্ত পত্রের নির্দেশনার আলোকে সরকারী ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে অগ্রায়ন করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

৭-২-২০২২
মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব
ফোন: +৮৮-০২-৪৭১২৪৩৩৩
ইমেইল: plan2@ssd.gov.bd

বিতরণ :
১) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৩) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.০৭.০০১.২১.৬৮/১(১৪)

তারিখ: ২৪ মাঘ ১৪২৮
০৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক, "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্প।
২) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৩) প্রকল্প পরিচালক (সেফার প্রকল্প) (অতিরিক্ত দায়িত্ব), সেফার প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪) প্রকল্প পরিচালক, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্প
৫) উপসচিব, প্রকল্প পরিচালক, খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প
৬) উপসচিব, প্রকল্প পরিচালক, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী নির্মাণ প্রকল্প
৭) প্রকল্প পরিচালক (উপসচিব), ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প
৮) প্রকল্প পরিচালক, জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ
৯) প্রকল্প পরিচালক (উপসচিব), নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প।
১০) প্রকল্প পরিচালক, বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প।
১১) উপসচিব ও প্রকল্প পরিচালক, ১৬ আঞ্চলিক পাসপোর্ট নির্মাণ প্রকল্প
১২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক , উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

৭-২-২০২২
মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cptu.gov.bd

মুজিব শতবর্ষ
উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.২৬৮.২০-০০৭

তারিখঃ ২৫ পৌষ ১৪২৮ / ০৯ জানুয়ারি ২০২২

**বিষয়ঃ সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/ক্রয়কারীদের করণীয়।**

(সূত্রঃ সিপিটিইউ'র পরিপত্র নং-২১.০০.০০০০.৩৬৪.১৯.০১৮(১).১৯-১৪; তারিখঃ ১৩/০১/২০২০)

উপর্যুক্ত বিষয়ে ইত:পূর্বে সিপিটিইউ কর্তৃক ১৩/০১/২০২০ তারিখের ১৪ সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রের প্রতি সকল ক্রয়কারী কার্যালয় প্রধান, প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক এবং ক্রয়কারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (অনুলিপি সংযুক্ত)।

০২। সূত্রে উল্লিখিত পরিপত্রে সরকারি ক্রয় বাস্তবায়নে ক্রয়কারী কার্যালয় প্রধান, প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক এবং ক্রয়কারীগণ কর্তৃক সরকারি ক্রয় আইন ও বিধি (পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮) এবং সংশ্লিষ্ট আদর্শ দলিলসমূহের (STD/SRFP) বিধানের আলোকে করণীয় বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। সাম্প্রতিক সময়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রেরিত এক স্মারকে এ মর্মে অভিমত ব্যক্ত করা হয়েছে যে, চুক্তির সাধারণ ও বিশেষ শর্তাবলির আলোকে সরকারি ক্রয় চুক্তিসমূহ বাস্তবায়নে ব্যর্থ প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে সকল সরকারি ক্রয়কারী সংস্থাসমূহ বিধি ১২৭(৪)(গ) এর আলোকে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করছে না। নির্ধারিত সময় ও চুক্তিমূল্যে মানসম্পন্ন কাজ নিশ্চিতকরণে ব্যর্থ ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শকদের বিরুদ্ধে বিধি ১২৭(৪)(গ)-এর আলোকে ব্যবস্থা গ্রহণের বিষয়টি সরকারি ক্রয় আইনের আলোকে বাধ্যতামূলক শর্ত। ফলে এরূপ পরিস্থিতিতে ব্যর্থ প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে ক্রয়কাজে অংশগ্রহণে বারিত করাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা না হলে তা সরকারি ক্রয় আইন ও বিধির ব্যত্যয় হিসেবে বিবেচিত হবে।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে দরপত্র মূল্যায়ন ও ক্রয় চুক্তি বাস্তবায়ন পর্যায়ে পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং সংশ্লিষ্ট আদর্শ দরপত্র/প্রস্তাব দাখিলের অনুরোধ সংবলিত দলিলসমূহের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের বিষয়ে সকল ক্রয়কারী কার্যালয় প্রধান, প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক এবং ক্রয়কারীকে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ পূর্বে জারিকৃত পরিপত্র
(নং-২১.০০.০০০০.৩৬৪.১৯.০১৮(১).১৯-১৪; তারিখঃ ১৩/০১/২০২০)।

৯.১.2022
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সিপিটিইউ, আইএমইডি
ফোনঃ ৮৮০-০২-৪৮১১৯৪০০-০১

<u>বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. মুখ্য সমন্বয়ক, এসডিজি বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. সিনিয়র সচিব/সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় .......... মন্ত্রণালয়/বিভাগ।
৪. সদস্য, বাংলাদেশ সচিবালয়, ঢাকা .......... পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/ক্রয়কারী কার্যালয় প্রধান (সকল টার্গেট এজেন্সী)
..........

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।

ডাঃ নং - ৩৭
তাং - ১৯/০১/২০২২
পরিকল্পনা - ১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
ইস্যু নম্বরঃ ৭২
তারিখঃ ১৮/০১/২২
☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন।
☐ জরুরি উপস্থাপন করুন।
☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন।
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.১৯.০১৮(১).১৯- ১৪

তারিখঃ ১৩/০১/২০২০ খ্রিঃ

# পরিপত্র

বিষয়ঃ সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক নির্দেশনার আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/ক্রয়কারীদের করণীয়।

সাম্প্রতিক সময়ে মাননীয় প্রধানমন্ত্রী সরকারি ক্রয় প্রক্রিয়া ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নিম্নোক্ত ২টি বিষয়ে গুরুত্বপূর্ণ অনুশাসন প্রদান করেনঃ

(ক) একাধিক কাজ নিয়ে যারা কাজের মান ও সময় ঠিক রাখতে পারে না তাঁরা প্রাপ্ত কাজ সম্পন্ন না করা পর্যন্ত আর কোন কাজ পাবে না;
(খ) কাজের গুণগত মান দেখাসহ নির্ধারিত সময়ে কাজ শেষ হয়েছে কী না সে বিষয়ে প্রকল্প পরিচালকদের সক্রিয় হওয়া;

মাননীয় প্রধানমন্ত্রীর উপর্যুক্ত অনুশাসনগুলো বাস্তবায়নের বিষয়ে ক্রয়কারী, ক্রয়কারী কার্যালয় প্রধান এবং প্রকল্প পরিচালক/ব্যবস্থাপকদের ক্রয় আইন, বিধি ও ক্রয় চুক্তিতে সুনির্দিষ্ট দায়িত্ব ও ক্ষমতা রয়েছে। অনুশাসনগুলোর বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সিপিটিইউ'র পক্ষ হতে গত ১০/১০/২০১৯ তারিখে ২০২ সংখ্যক স্মারকের মাধ্যমে সকল মন্ত্রণালয় ও ক্রয়কারী সংস্থাকে অবহিত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর এ অনুশাসনগুলোর বিষয়ে ক্রয় আইন ও বিধি (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) ও আদর্শ দরপত্র দলিল এ অন্তর্ভুক্ত চুক্তির সাধারণ শর্তাবলী (General Conditions of Contract) ও চুক্তির বিশেষ শর্তাবলীতে (Particular Conditions of Contract) বিদ্যমান নির্দেশনা এবং এ বিষয়ে ক্রয়কারী কার্যালয় প্রধান, প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক ও ক্রয়কারীদের করণীয় বিষয়ে সংযুক্তি-'ক' তে আরো বিশদভাবে উল্লেখ করা হলো।

০২। ক্রয়কারী কার্যালয় প্রধান, প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক এবং ক্রয়কারীগণ কর্তৃক যথাযথভাবে ক্রয় আইন, বিধি এবং চুক্তির সাধারণ ও বিশেষ শর্তাবলীসমূহ অনুসরণ করে চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা গেলে মাননীয় প্রধানমন্ত্রীর উল্লিখিত অনুশাসনগুলোর প্রতিপালন সম্ভব হবে। এ লক্ষ্যে সকল ক্রয়কারী কার্যালয় প্রধান, প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক এবং ক্রয়কারীগণকে মাননীয় প্রধানমন্ত্রীর উল্লিখিত অনুশাসনগুলো নিশ্চিতকল্পে ক্রয় আইন, বিধি ও চুক্তির সাধারণ ও বিশেষ শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ক্রয় চুক্তি বাস্তবায়নে সময় ও মান নিয়ন্ত্রণে অনুসরণীয় নির্দেশিকা (সংযুক্তি-'ক')।

১৩/০১/'২০

(আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি)
সচিব

\\192.168.1.129\Clarifications_CPTU\Maushumi Habib\Letter & Note Sheet 2019\Letter_2019\Paripatro_18.12.2019.Docx

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/ক্রয়কারী কার্যালয় প্রধান (সকল টার্গেট এজেন্সী)
.......................................................................................................................................।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. মুখ্য সমন্বয়ক, এসডিজি বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪. সিনিয়র সচিব/সচিব,.......................................................................................মন্ত্রণালয়/ বিভাগ.......................................................................................................।
৫. সদস্য, .......................................................................... পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯. অফিস কপি।

বিষয়ঃ সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক নির্দেশনার আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/ক্রয়কারীদের করণীয়।

(ক) কার্যকরভাবে চুক্তি বাস্তবায়নে পিপিএ, ২০০৬ এর নির্দেশনা নিম্নরূপ (ধারা-২২):

"ক্রয়কারী কার্যকরভাবে চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য, সরকার কর্তৃক সময় সময়, জারীকৃত নির্দেশনাবলী অনুসরণ করিবে"।

(খ) পিপিআর, ২০০৮ এর নির্দেশনাঃ

"বিধি-৩৮(১) : চুক্তি সম্পাদনের পর হইতে উক্ত চুক্তি সফলভাবে সম্পন্ন বা বাতিল এবং উহার অধীনে মূল্য পরিশোধ অথবা বিরোধ বা দাবী নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্রয়কারী কর্তৃক সম্পাদিতব্য সকল প্রশাসনিক, আর্থিক, ব্যবস্থাপনাগত ও কারিগরি বিষয়াদি চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত থাকিবে।

বিধি-৩৮(২) : সরবরাহ, মূল্য পরিশোধ, মান নিয়ন্ত্রণ, চুক্তি বাস্তবায়ন, ক্ষতিপূরণ (liquidated damage) প্রদান এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি নিষ্পত্তির জন্য সম্মত শর্তাদি সম্বলিত স্বাক্ষরিত চুক্তির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ক্রয়কারী কার্যকর চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার কলাকৌশল অবলম্বনের লক্ষ্যে পেশাগত রীতি-নীতি প্রয়োগ করিবে।

বিধি-৩৮(৩) : ক্রয়কারী নিশ্চিত করিবে যে, ক্রয়তব্য পণ্য, কার্য বা সেবা ক্রয়-চুক্তিতে নির্ধারিত কারিগরি শর্তাবলী পূরণ করে এবং এতদুদ্দেশ্যে ক্রয়কারী পরিদর্শন ও পরীক্ষণের (testing) সুবিধা সৃষ্টি, পরিদর্শন টীম গঠন, পরীক্ষাগার (laboratory) এবং পরিদর্শন ও পরীক্ষণ ব্যবস্থাদির যৌথ বা সম্মিলিত ব্যবহারের ব্যবস্থা প্রতিষ্ঠা এবং প্রয়োজন অনুসারে পরিদর্শন ও পরীক্ষণ কাজের জন্য অন্যান্য প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন করিতে পারিবে।

বিধি-৩৮(৪) : চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবেঃ

(ক) কর্ম পরিকল্পনা পুনরীক্ষণ ও অনুমোদন;
(খ) গুনগত মান পরিদর্শন ও পরীক্ষণ এবং কর্ম পরিকল্পনা অনুসারে, নির্দিষ্ট সময় অন্তর-অন্তর, কার্য-সম্পাদনের পরিমাণ নির্ণয়সহ চুক্তি বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ;
(গ) ভেরিয়েশন অর্ডার, চুক্তি স্থগিতকরণ বা অবসান, মূল্য পুনঃনির্ধারণ, চুক্তির প্রতিবিধানমূলক ব্যবস্থাদি (যথাঃ ক্ষতিপূরণ আরোপ, বিলম্বে প্রাপ্য পরিশোধ) প্রয়োগ এবং বিরোধ বা দাবী নিষ্পত্তি পদ্ধতির ব্যবস্থাপনা;
(ঘ) মূল্য পরিশোধসহ চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক বিষয়াদি এবং বাজেট, মূল্য বিশ্লেষণ ও হিসাবরক্ষণ সংক্রান্ত ব্যবস্থাপনা;
(ঙ) চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত দলিলাদির বিন্যাস ও ব্যবস্থাপনা এবং নির্দিষ্ট সময় অন্তর চুক্তির বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন।

বিধি-৩৮(৫) : প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চুক্তির দায়বদ্ধতা প্রতিপালন, সময়, ব্যয় ও মান নিয়ন্ত্রণকল্পে সূচনা হইতে সমাপ্তি এবং হস্তান্তর অবধি নির্মাণকার্যের তত্ত্বাবধান ছাড়াও প্রকল্পের ডিজাইনের পুনরীক্ষণ করিতে পারিবে।

বিধি-৩৮(৬) : কার্যের বাস্তবায়ন তত্ত্বাবধানের উদ্দেশ্যে ক্রয়কারী, একজন সুযোগ্য প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, অতঃপর এই বিধিতে যাহাকে প্রকল্প ব্যবস্থাপক বলিয়া অভিহিত করা হইয়াছে, তাহার নিকট প্রকল্প বা চুক্তি ব্যবস্থাপনা ন্যস্ত করিবে।"

(গ) চুক্তির সাধারণ (GCC) ও বিশেষ (PCC) শর্তাবলীর নির্দেশনাঃ

আদর্শ দরপত্র দলিল এর GCC ও PCC অংশে চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার বিষয়ে বিশদ নির্দেশনা অন্তর্ভুক্ত আছে। তন্মধ্যে সময় (Time) ও মান (Quality) নিশ্চিতকরণের বিষয়ে GCC'র নির্দেশনা নিম্নরূপঃ



১৫

## ...ন্ত্রণ (Time Control)

...CC Clause:

39.2 The Contractor shall commence the execution of the Works as soon as is reasonably practicable by the **Start Date** as specified in the GCC Sub Clause **1.1(oo)** after the Commencement Date, and shall then proceed with the Works with due expedition and without delay.

40.1 The Contractor shall carry out the Works in accordance with the Programme of Works submitted by the Contractor and as updated with the approval of the Project Manager as stated under GCC Clause 41 to complete them in all respects by the Intended Completion Date, as specified in the **PCC**.

41.1 Within the time stated in the **PCC**, the Contractor shall submit to the Project Manager for approval a Programme of Works showing the general methods, arrangements, order, and timing for all the activities in the Works. The programme may be in the form of an Implementation Schedule prepared in any software or other form acceptable to the Project Manager.

## মান নিয়ন্ত্রণ (Quality Control)

GCC Clause:

51.1 All works under the Contract shall at all times be open to examination, inspection, measurements, testing and supervision of the Project Manager, and the Contractor shall ensure presence of its representatives at such actions provided proper advance notice is given by the Project Manager.

51.2 No part of the Works shall be covered up or put out of sight without the approval of the Project Manager. The Contractor shall give notice in writing to the Project Manager whenever any such part of the Works is ready for examination and, the Project Manager shall attend to such examination without unreasonable delay.

52.1 The Project Manager shall check the works executed by the Contractor and notify the Contractor of any Defects found. Such checking shall not relieve the Contractor from his or her obligations. The Project Manager may also instruct the Contractor to search for a Defect and to uncover and test any work that the Project Manager considers may have a Defect.

53.1 If the Project Manager instructs the Contractor to carry out a test not specified in the Specification to check whether any work has a Defect and the test shows that it does, the Contractor shall pay for the test and any samples. If there is no Defect, the test shall be a Compensation Event pursuant to GCC Sub Clause 67.

54.1 If, as a result of an examination, inspection, measurement or testing, of Works it is found to be defective or otherwise not in accordance with the Contract, the Project Manager may reject the Works by giving notice to the Contractor, with reasons. The Contractor shall then promptly make good the defect and ensure that the rejected Works subsequently complies with the Contract.

55.1 Notwithstanding any test or certification, the Project Manager may instruct the Contractor to:

(a) remove from the Site and replace any Plant or Materials which is not in accordance with the Contract,

(b) remove and re-execute any other work which is not in accordance with the Contract, and

(c) execute any work which is urgently required for the safety of the Works, whether because of an accident, unforeseeable event or otherwise.

55.2 The Contractor shall comply with the instruction issued under GCC Sub Clause 55.1 within a reasonable time, which shall be specified in the instruction, or immediately if urgency is specified under GCC Sub Clause 55.1(c).

55.3 If the Contractor fails to comply with the instruction issued under GCC Sub Clause 55.2, the Procuring Entity shall be entitled to employ and pay other persons to carry out the work. Except to the extent that the Contractor would have been entitled to payment for the work, the Contractor shall be liable to pay all such costs arising from this failure.

56.1 The Project Manager shall give notice to the Contractor, with a copy to the Procuring Entity and others concerned, of any Defects before the end of the Defects Liability Period, which begins at Completion Date, and is defined in the **PCC.** The Defects Liability Period shall be extended for as long as Defects remain to be corrected.

চুক্তি বাস্তবায়নকালে কাজ হস্তান্তর (Assignment) এবং অননুমোদিত Sub-Contracting এর বিষয়ে GCC'র নির্দেশনাঃ

**GCC Clause:**

**Assignment:**

8.1 Neither the Contractor nor the Procuring Entity shall assign, in whole or in part, its obligations under the Contract.

**Subcontracting :**

20.1 Subcontracting the whole of the Works by the Contractor shall not be permissible. The Contractor shall be responsible for the acts or defaults of any Subcontractor, his or her agents or employees, as if they were the acts or defaults of the Contractor.

20.2 The prior consent, in writing, of the Project Manager shall however be obtained for other proposed Subcontractor(s).

20.3 Nominated Subcontractor named in the Contract shall be entitled to execute the specific components of the Works stated in the PCC.

20.4 Subcontractors shall comply with the provisions of GCC Clause 38.

ক্রয় আইন, বিধি ও চুক্তির সাধারণ শর্তাবলীর উপর্যুক্ত সংস্থান অনুযায়ী প্রতীয়মান হয় যে, কাজের মান ও সময় ঠিক রাখতে না পারা এবং কাজ অন্য প্রতিষ্ঠানকে হস্তান্তর করে দেয়ার বিষয়টি চুক্তির মৌলিক শর্ত লংঘন করা বোঝায় (সূত্রঃ GCC Clause 87.1) এবং এ সকল ঠিকাদার/সরবরাহকারীর বিরুদ্ধে বিধি-১২৭ এর নির্দেশনা অনুসরণ করে অবশ্যই বারিতকরণ (debarred) করতে হবে। ক্রয়কারী/প্রকল্প পরিচালক এ সকল ক্ষেত্রে কার্য সম্পাদন জামানত (PS) তলব ও ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে চুক্তি বাতিল করতে পারেন। অধিকন্তু, যথাসময়ে কাজ সম্পাদনে ব্যর্থতার জন্য GCC'র নির্দেশনা অনুযায়ী বিলম্বজনিত ক্ষতিপূরণ (LD) আরোপ করতে হবে।

(ঘ) দরপত্র প্রক্রিয়াকরণকালে পিপিআর, ২০০৮ এর নির্দেশনাঃ

কার্য (Works) ক্রয়ের ক্ষেত্রে একই প্যাকেজের মধ্যে একাধিক লট অন্তর্ভুক্ত থাকলে প্রতিটি লটের জন্য দরদাতাদের আলাদা আলাদা জনবল, যন্ত্রপাতি ও আর্থিক সক্ষমতা থাকার প্রয়োজন আছে। আদর্শ দরপত্র দলিল (PW3) এর Section 1 (Instructions To Tenderers (ITT)) এর Qualification Criteria অংশে এ বিষয়ে বিশদ নির্দেশনা আছে। অধিকন্তু কাজ বাস্তবায়নে দরদাতার সক্ষমতা (Tender Capacity) আছে কী না সেটি ITT Clause 15.1(d) তে বর্ণিত আছে। Tender Capacity নির্ধারণের ক্ষেত্রে দরদাতার চলমান এবং প্রতিশ্রুত (On-going and Committed Works) কাজের মূল্য বিবেচনায় নিতে হবে। এ ক্ষেত্রে দরদাতা কর্তৃক সকল ক্রয়কারী সংস্থার চলমান ও প্রতিশ্রুত কাজ বিবেচনা করতে হবে। তবে প্রতীয়মান হয় যে কোন কোন ক্ষেত্রে দরদাতার Tender Capacity নিরুপণে অন্যান্য ক্রয়কারী সংস্থায় দরদাতার চলমান ও প্রতিশ্রুত কাজের মূল্য বিবেচনায় নেয়া হচ্ছে না। দরদাতাগণও তাঁদের হাতে থাকা কাজের সঠিক বিবরণ দিচ্ছেন না। সঠিকভাবে এ সকল তথ্য প্রদান না করার ফলে চলমান কাজের পরিমাণ কম দেখিয়ে অনেক দরদাতা একাধিক কাজ পেয়ে যাচ্ছেন, যেটি দরপত্র মূল্যায়নের নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করা হলে সম্ভব হতো না। যে সব দরদাতা চলমান ও প্রতিশ্রুত কাজের সঠিক বিবরণ প্রদান করতে ব্যর্থ হবেন তাঁদের বিরুদ্ধে আবশ্যিকভাবে বিধি-১২৭ অনুযায়ী ব্যবস্থা নিয়ে তাঁদেরকে সকল ক্রয়কারী সংস্থায় বারিতকরণ (debar) করতে হবে।